


“শেখ হাসিনার উদ্যোগ- ঘরে ঘরে বিদ্যুৎ।”



ISO 9001, ISO 14001 &  
OHSAS 18001 Certified

সভাপতি, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

এবং

সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭- ৩০ জুন, ২০১৮

৩১

সূচিপত্র

ক্রঃনং	বিষয়বস্তু
১	সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
২	উপক্রমণিকা
৩	সেকশন ১ঃ সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলী
৪	সেকশন-২ঃ সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ







# “শেখ হাসিনার উদ্যোগ- ঘরে ঘরে বিদ্যুৎ।”

## সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র ( Overview of the performance of Sirajgonj Palli Bidyut Samity-1)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

### • সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া, শাহজাদপুর, রায়গঞ্জ, তাড়াশ উপজেলার সমন্বয়ে ১৩০৪ বর্গকিমিঃ এলাকা নিয়ে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ গঠিত। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে সিরাজগঞ্জ পবিস-১ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গ্রামীন জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়ের লক্ষ্যে মে’২০১৭ খ্রিঃ পর্যন্ত ৪,৬৬৫.৪৬৪ কিঃ মিঃ বৈদ্যুতিক লাইন নির্মান সম্পন্ন করা হয়েছে। মে’২০১৭ খ্রিঃ পর্যন্ত ২,৯৩,৬৮২ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে যার মধ্যে শুধুমাত্র চলতি ২০১৬-২০১৭ ইং অর্থবছরের জুলাই থেকে মে পর্যন্ত ৮৯,৬৩৫ টি নতুন সংযোগ প্রদান করা হয়েছে। অত্র পবিসের ০৯টি উপকেন্দ্রের মধ্যে উল্লাপাড়া-৩ ১০ এমভিএ উপকেন্দ্র, শাহজাদপুর-৩ ১০ এমভিএ উপকেন্দ্র স্থাপন করা হয়েছে এবং শাহজাদপুর-২ উপকেন্দ্রের ক্ষমতা ৫ এমভিএ হতে ১৫ এমভিএ তে উন্নীত করা হয়েছে এবং সম্প্রতি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ১.৮ মিলিয়ন প্রকল্পের আওতায় রায়গঞ্জ-১ ৩৩/১১ কেভি ১০ এমভিএ একটি উপকেন্দ্র নির্মান সম্পন্ন হয়েছে। আগামী ডিসেম্বর’১৭ এর মধ্যে ৩ টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হবে।

### • সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

#### ক) বিদ্যুৎ সরবরাহ সংক্রান্তঃ

অত্র পবিসের আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) বৃদ্ধি পাচ্ছে। অত্র পবিসের পিক লোড ৮১ মেঃওঃ। চলতি গ্রীষ্মে ও রমজান মাসে জাতীয় গ্রীড হতে গ্রাহকের চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ দেওয়া যাবে। জাতীয় গ্রীড হতে চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া না গেলে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখা সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ। সিরাজগঞ্জ গ্রীডের তাড়াশ ৩৩ কেভি ফিডারে সংযুক্ত ১৩২/৩৩ কেভি পাওয়ার ট্রান্সফরমারটি অতি পুরাতন ও ট্যাপ চেঞ্জার ত্রুটিপূর্ণ হওয়ায় সম্পূর্ণ লোড নেওয়া সম্ভব হয় না। তাছাড়া সমিতির ৪৬৬৫.৪৬৪ কিঃমিঃ দীর্ঘ বৈদ্যুতিক লাইন রয়েছে যা শতভাগ বিদ্যুতায়নের ফলশ্রুতিতে আরো বৃদ্ধিপ্রাপ্ত হবে। গাছ-গাছালিসমৃদ্ধ হাওড় ও বিল এলাকায় দুর্যোগপূর্ণ অবস্থায় বিদ্যুৎ সচল রাখাও সমিতির জন্য একটি চ্যালেঞ্জ। সমিতিকে নিয়মিত বিশেষ করে বর্ষা মৌসুমে যমুনার হুমকি মোকাবিলা করে বিদ্যুৎ সরবরাহ সচল রাখতে হয়।

#### খ) নতুন সংযোগের জন্য প্রয়োজনীয় মালামাল ক্রয়ের জন্য পর্যাপ্ত অর্থের অপ্রতুলতা ও ফান্ড ঘাটতিঃ

শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে সমিতির নিজস্ব অর্থায়নে মিটার, সার্ভিস ড্রপ প্রভৃতি ক্রয় করে সংযোগ প্রক্রিয়া চলমান রয়েছে যার ফলে অধিকাংশ ফান্ডে ঘাটতি রয়েছে। মালামাল ক্রয়ের জন্য বিভিন্ন ফান্ড এর বিনিয়োগ সমূহ নগদায়ন করার মাধ্যমে ফান্ডসমূহে ঘাটতির সৃষ্টি হয়েছে। আর্থিকভাবে অস্বচ্ছল অত্র পবিসের পক্ষে পিডিবি, পিজিসিবির বিল ও দৈনন্দিন ব্যয় নির্বাহের পর নিজস্ব অর্থায়নে ট্রান্সফরমার, মিটার ও সার্ভিস ড্রপ নগদ মূল্যে ক্রয় করাও একটি বড় সমস্যা ও চ্যালেঞ্জ।

#### গ) বন্যা প্রবণ এলাকাঃ

সমিতির ভৌগোলিক এলাকার অধিকাংশ জুন মাস থেকে সেপ্টেম্বর ইং মাস পর্যন্ত চলনবিল ও যমুনার পানিতে ডুবে থাকে। ফলতঃ উচ্চত পরিস্থিতিতে এসময় প্রায় সকল ধরনের কাজ কর্মে ব্যাঘাত ঘটে। এ সময় অনেক এলাকার যাতায়াত এর একমাত্র মাধ্যম নৌকা হওয়ায়, যাতায়াত খরচ বেড়ে যায়। গ্রাহক দ্বারপ্রান্তে পৌছানো ও যথাযথভাবে সেবা প্রদানে ভীষণ জটিলতা ও বড় ধরনের চ্যালেঞ্জ



এর সমুখীন হতে হয়।

#### ঘ) সেচ প্রবণ এলাকাঃ

সেচ প্রবণ এলাকা হওয়ায়, এবং প্রায় ১২০০০ সেচ সংযোগ এর মধ্যে ৭০০০ সেচ গ্রাহকদের প্রতিবছর জানুয়ারীতে পূর্ণসংযোগ প্রদান, ট্রান্সফরমার উঠানো, উক্ত ট্রান্সফরমার সমূহ প্রিভেন্টিভ কাজ করা আবার পুনরায় মে/জুন মাসে উক্ত সংযোগ বিচ্ছিন্ন করা, ট্রান্সফরমার নামানো প্রভৃতি কাজে প্রচুর সময় ও শ্রম ব্যয় হয়। ফলতঃ উক্ত সময়ে অন্যান্য কাজসমূহের অগ্রগতি ব্যাহত হয়। সেচ সংযোগের অধিকাংশই ৫ অশ্বশক্তি লোড সম্পন্ন অগভীর নলকূপ। এসব সেচ সংযোগে বিইআরসি এর নিয়মানুযায়ী পিএফ মাশুল আরোপযোগ্য না হওয়ায়, সেচ গ্রাহকসমূহের মধ্যে ক্যাপাসিটির ব্যবহারের অনীহা দেখা যায়। অধিকসংখ্যায় সেচ হওয়ায় অনবরত মনিটরিং এ রাখাও কঠিন হয়ে পড়ে। ফলতঃ সঠিক মানের ক্যাপাসিটির ব্যবহার না করায় সিস্টেম লস এসময় বৃদ্ধিপ্রাপ্ত হয়। ফলতঃ পিটিএ টার্গেট অর্জনে চ্যালেঞ্জ এর সমুখীন হতে হয়।

#### ঙ) তারল্য সংকটঃ

ইউনিট প্রতি বিদ্যুতের বিক্রয়মূল্য ব্যয়ের তুলনায় কম হওয়ায় সমিতির তারল্য সংকট প্রবল হচ্ছে। সমিতির তারল্য সংকট এর কারনে বিভিন্ন ধরনের প্রয়োজনীয় কার্যক্রমে অর্থ ব্যয় করতে হিমশিম খেতে হয়। কম মূল্যহারের সেচ ও আবাসিক গ্রাহক বেশী হওয়ায় সমিতির বিদ্যুৎ বিক্রয়লব্ধ অর্থ হতে বিদ্যুৎ ক্রয়মূল্য ও বেতনাদি পরিশোধের পর অন্যান্য খরচের জন্য খুবই নমিনাল পরিমাণ অর্থ অবশিষ্ট থাকে। তাছাড়া, সম্প্রতি শতভাগ বিদ্যুতায়নের কারনেও সমিতির ফান্ড ব্যবহার করে মালামাল ক্রয় করে সরকারের মহতী উদ্যোগকে সার্থক করার প্রচেষ্টা রয়েছে। কিন্তু তারল্য সংকট এর কারনে বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কর্মকাণ্ড বাধাগ্রস্ত হচ্ছে। সার্ভিস বেনিফিট সংক্রান্ত এবং অন্যান্য ফান্ড সমূহে প্রয়োজন অনুযায়ী অর্থ জমা রাখা সম্ভব হচ্ছে না। ফান্ড ঘাটতি সৃষ্টি হচ্ছে। সম্প্রতি বছর সমূহে সমিতির লোকসান বৃদ্ধি পেয়েছে। নতুন গ্রাহকসমূহের বিদ্যুতায়নের সুফল হিসেবে দীর্ঘমেয়াদে সমিতি লোকসান কমিয়ে আনতে পারবে বলে প্রত্যাশা করা যায়। কিন্তু, সে সময় পর্যন্ত সমিতির তারল্য সংকট কিছুটা অব্যাহত থাকবে, বকেয়া আদায় কার্যক্রম ত্বরান্বিত করার মাধ্যমে তা কিছুটা হ্রাস করা সম্ভব হলেও পুরোপুরি কাটিয়ে উঠতে ৫-৬ বছর বা তার বেশী সময় লাগবে। ফলতঃ এসময় কালে তারল্য সংকটের কারনে ঋণের সুদ ও মূলধন পরিশোধ এবং প্রদেয় হিসাব সমূহের (Accounts Payable) পরিমাণ ১.০০ সমমাসের মধ্যে রাখা কঠিন হয়ে পড়বে।

#### চ) সরকারী/আধা সরকারী/সায়ত্তশাসিত প্রতিষ্ঠান সমূহের বকেয়াঃ

বর্তমান প্রেক্ষাপটে দেখা যাচ্ছে, পৌরসভাসমূহের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধে অনীহার কারনে বকেয়া বৃদ্ধি পাচ্ছে। সরকারী বিভিন্ন প্রতিষ্ঠান বছরে একবার এপ্রিল/মে মাসে বকেয়া পরিশোধে অভ্যস্ত হয়ে পড়েছে। এসব প্রতিষ্ঠান বছর শেষেও বাজেটের অজুহাতে একটি বড় অংকের বিল বকেয়া রাখছে। ফলতঃ তাদের সরবরাহের জন্য ক্রয়কৃত বিদ্যুতের মূল্য সমিতিতে যথাসময়ে পরিশোধ করতে হচ্ছে, কিন্তু এসব সরকারী প্রতিষ্ঠানের অধিকাংশই জনসেবামূলক প্রতিষ্ঠান হওয়ায় বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা ও সম্ভব হচ্ছে না। ফলতঃ সমিতির তারল্য সংকটকে এসব বকেয়া প্রকট করে তুলছে এবং একাউন্টস রিসিভএবলের টার্গেট অর্জনকে চ্যালেঞ্জের সমুখীন করে তুলেছে।

#### ছ) গ্রাহক অসচেতনতাঃ

এলাকার গ্রাহকসমূহকে বিভিন্নভাবে সচেতন করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এলাকার অনেক নতুন সংযোগ প্রত্যাশী লোক অসচেতন হওয়ায় কিছু অসাপু চক্রের সৃষ্টি জটিলতায় সংযোগ প্রক্রিয়া অনেক সময় বাধাগ্রস্ত হচ্ছে। সমস্ত প্রকার অসাপু চক্রের ষড়যন্ত্রকে রুখে দিয়ে শতভাগ বিদ্যুতায়নের প্রচেষ্টা চলছে। গ্রাহক অসচেতনতার কারনে সমিতির অফিস ব্যাতীত অন্যান্য কিছু বিল আদায় পয়েন্টে বিদ্যুৎ বিল পরিশোধের ক্ষেত্রে গ্রাহককে প্রতারণার স্বীকার হতে হচ্ছে। যার ফলতঃ গ্রাহক অসন্তোষ বৃদ্ধি পাচ্ছে। এসমস্ত বকেয়া আদায়ে জটিলতার সমুখীন হতে হচ্ছে। বিভিন্ন মাধ্যমে প্রচার প্রচারণা চালিয়ে এ সমস্ত সমস্যা সমাধানের জোর প্রচেষ্টা চলছে।

#### জ) তাত শিল্প এলাকাঃ

সমিতির ভৌগলিক এলাকা তাতশিল্প প্রধান এলাকা। তাতশিল্প প্রধান উপজীবিকা। অনেক গ্রাহক আবাসিক সংযোগ হতে পাওয়ার লুমে

২১

বিদ্যুৎ ব্যবহার করে। এসব গ্রাহকগণকে প্রচারনার মাধ্যমে শিল্প সংযোগ গ্রহণে উৎসাহিত করা হলেও তারা অধিকাংশ ক্ষেত্রেই শিল্প সংযোগ গ্রহণ করেন না। গ্রামীন অর্থনীতির প্রেক্ষাপট বিবেচনায় ও বাস্তব পরিস্থিতিতে অধিকাংশ ক্ষেত্রেই সংযোগ বিচ্ছিন্ন করা সম্ভব হয় না। এসব গ্রাহকগণকে পূর্বানুমোদিত বোর্ড প্রস্তাব এর ভিত্তিতে বালিজ্যিক হারে বিল করা হয়। কিন্তু, এ সমস্ত সংযোগে ক্যাপাসিটির ব্যবহৃত হয় না। এছাড়া, স্থাপিত ট্রান্সফরমার সমূহ ওভারলোড হয়ে যায়। ফলতঃ সিস্টেম লসের উপর প্রভাব পড়ে।

• **ভবিষ্যৎ পরিকল্পনা :**

গ্রাহকগণের চাহিদা পূরণের লক্ষ্যে সমিতির দক্ষ জনশক্তি এবং নিজস্ব ও প্রাপ্ত সম্পদের সঠিক ব্যবহারের মাধ্যমে সাশ্রয়ী ও গুণগত মানের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নের রূপকার হিসেবে বিদ্যুৎ সরবরাহে বাংলাদেশের মডেল প্রতিষ্ঠান হওয়ার সর্বাত্মক প্রচেষ্টায় সমিতি নিয়োজিত থাকবে। এই লক্ষ্যে-

ক) জুন'২০১৮ ইং সালের মধ্যে সমিতির ভৌগোলিক এলাকার সকল গ্রামে শতভাগ বিদ্যুতায়ন নিশ্চিত করা।

খ) সমিতির সিস্টেম লস হ্রাসের নিমিত্তে ব্যাপক কার্যক্রম হাতে নেয়া। এনালগ মিটারসমূহকে বেশী দক্ষ মিটার যেমন ডিজিটাল মিটার/ প্রিপেইড মিটার দ্বারা ১০০% প্রতিস্থাপন করার প্রচেষ্টা থাকবে। শতভাগ পথসত্ব পরিস্কার করা হবে। ওভারলোডেড ট্রান্সফরমার সমূহ পরিবর্তন করা হবে। বিআরইবি ফরম নং ৫৬৯ পূরণকরতঃ টার্গেট অনুযায়ী যথাযথভাবে লাইন মেইনটেন্যান্স করা হবে। ট্রান্সফরমার বিনষ্ট হবার হাত হতে রক্ষা করতে লাইটনিং এরেস্টার এবং অন্যান্য প্রিভেন্টিভ ব্যবস্থার সঠিকতা/ কার্যকারিতা নিশ্চিত করা হবে। ফিডার অনুযায়ী সিস্টেম লসের পরিমাণ নির্ধারণ করতঃ ১১ ও ৩৩ কেভি সিস্টেম লস কমানোর সকল কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে।

গ) ডিএনপি টিম এর মাধ্যমে এবং অবিরত মনিটরিং এর মাধ্যমে বকেয়া মাস কমিয়ে আনার মাধ্যমে সমিতির তারল্য সংকট কমানোর প্রচেষ্টা থাকবে।

ঘ) সমিতিকে লোকসানমুক্ত করার নিমিত্তে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখা। ব্যয় নিয়ন্ত্রণের মাধ্যমে পরিচালন ও রক্ষনাবেক্ষন ব্যয় কমিয়ে আনা হবে। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের নিমিত্তে যথাযথ সিডিউল প্রস্তুত করা হবে।

ঙ) জোনাল অফিস/সাব জোনাল অফিস/ সদর দপ্তরের টার্গেট নির্ধারণ করে দেয়া যাতে সম্মিলিতভাবে এপিএ টার্গেট অর্জন করা যায়।

চ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী সকল টার্গেট অর্জন করার নিমিত্তে সকল বিভাগ ও অফিসের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে ব্যাপক কার্যক্রম হাতে নেয়া।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

০১। অত্র পবিসের আওতাধীন চারটি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করা।

০২। পবিসের আর্থিক সক্ষমতা বৃদ্ধি।

০৩। বকেয়া মাস ১.০০ অর্জন করা।

০৪। সিস্টেম লস সিঙ্গেল ডিজিট এর মধ্যে সীমিত রাখা।

০৫। গ্রাহক সেবা সহজীকরণ।

২১

### উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে-

সভাপতি, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

এবং

সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ১৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরিত উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ



২১



## সেকশন ১ঃ

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

### ১.১ রূপকল্প (Vision)ঃ

সমিতির আওতাধীন সকল জনগণকে দক্ষ ব্যবস্থাপনা ও সবল অর্থনীতির সাথে সংগতিপূর্ণ সাশ্রয়ী ও গুণগত মানের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা। (To supply uninterrupted low cost quality electricity consistent with sound economy and good management to the populace of the geographical area of the Samity)

### ১.২ অভিলক্ষ্য(Mission)ঃ

সমিতির দক্ষ জনশক্তি এবং নিজস্ব ও প্রাপ্ত সম্পদের সঠিক ব্যবহারের মাধ্যমে জুন-২০১৮ ইং সালের মধ্যে সমিতির ভৌগোলিক এলাকার সকল গ্রামে-গঞ্জে শতভাগ বিদ্যুতায়ন করা (Hundred Percent electrification of villages and towns in geographical area of the Samity by 2018 by proper utilization of its skilled manpower and own and donated/borrowed assets/capital )

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) :

- ০১। বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন।
- ০২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।
- ০৩। বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী বৃদ্ধি।
- ০৪। আর্থিক সক্ষমতা অর্জন।

### ১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

- ০১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।
- ০২। কার্যপদ্ধতি, পরিবেশ ও সেবার মানোন্নয়ন।
- ০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
- ০৪। তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।
- ০৫। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলী (Functions)

- ১। প্রয়োজনীয় স্টেকিং সীট ইস্যু, যথাযথভাবে দ্রুততম সময়ের মধ্যে পি এস আর, টিএস আর সম্পন্নকরতঃ প্রয়োজনীয় মালামাল সংগ্রহ/সরবরাহ নিশ্চিতকরনের মাধ্যমে দ্রুততম ও সহজতর প্রক্রিয়ায় বিদ্যুৎ সংযোগ প্রদানের মাধ্যমে পেন্ডিং আবেদন সংখ্যা শূন্য করার মাধ্যমে নতুন গ্রাহক সংযোগের শতকরা হার ১০০% এ উন্নীত করতে সচেষ্ট থাকা তথা সমিতির ভৌগোলিক এলাকার সকল গ্রামে-গঞ্জে শতভাগ বিদ্যুতায়ন করা।
- ২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরণ।
- ৩। ব্যয়-উপকারীতা/গুরুত্ব বিশ্লেষণ করে ব্যয় অনুমোদনে, বাজেট প্রণয়ণে ও বাজেট ছাড় প্রদানের ক্ষেত্রে ব্যয়ের যথার্থতা নিশ্চিত করে বেশী প্রয়োজনীয় খরচসমূহকে অগ্রাধিকার প্রদানকরতঃ অপ্রয়োজনীয়/কম প্রয়োজনীয় খরচ কমিয়ে ফেলার মাধ্যমে ব্যয় নিয়ন্ত্রণ করা।
- ৪। পবিসের আয় বৃদ্ধির নিমিত্তে ব্যাপক কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন।

- ৫। ৫, ১০, ১৫, ২০ বছরের প্রক্ষেপিত লোডের ভিত্তিতে বিতরণ ব্যবস্থার নেটওয়ার্ক ডিজাইন করা।
- ৬। বিদ্যমান গ্রাউন্ডিং ডিজাইন আপগ্রেড করার জন্য রিভিউ করা।
- ৭। প্রয়োজনীয় নতুন উপকেন্দ্রের জন্য ৩৩ কেভি সোর্স লাইন নির্মাণ ও ৩৩ কেভি পুরাতন লাইন আপগ্রেড করা এবং নতুন উপকেন্দ্র হতে বিদ্যুৎ সরবরাহের জন্য প্রয়োজনীয় ১১ কেভি সোর্স লাইন নির্মাণ।
- ৮। যথাযথভাবে রাইট অফ ওয়ে সম্পাদন করা।
- ৯। ফেজ ব্যালেন্সিং করা।
- ১০। যথাযথভাবে বি আর ই বি ফরম নং ৫৬৯ পূরণকরতঃ লাইন রক্ষনাবেক্ষন নিশ্চিতকরন। ওভারলোডেড ও আন্ডারলোডেড ট্রান্সফরমার সমূহ প্রয়োজনীয় ও যথোপযুক্ত সাইজের ট্রান্সফরমার দ্বারা পরিবর্তিত করা। ট্রান্সফরমারসমূহের রক্ষনাবেক্ষন নিশ্চিতকরন।
- ১১। বিলিং সাইকেল, মিটার রিডিং এর যথার্থতা ও সঠিকতা নিশ্চিতকরন। যথার্থ ও যুক্তিযুক্ত মিটার রিপোর্ট করা, তদন্ত করা, কার্যকর ভাবে বাস্তবায়ন করা। পাওয়ার ফ্যাক্টর পরিমাপযোগ্য বিদ্যুৎ সংযোগসমূহের পাওয়ার ফ্যাক্টর নিয়মানুযায়ী যথাযথভাবে পরিমাপ করা ও নির্ধারিত মানের কমমানে সম্পন্ন গ্রাহকবৃন্দের পাওয়ার ফ্যাক্টর চার্জ আরোপ করা।
- ১২। নিয়মিত বকেয়া আদায় নিশ্চিতকরনে ডিএনপি কার্যক্রম চলমান রাখা। একাউন্টস রিসিভএবল এর এজিং ভিত্তিক অগ্রাধিকার নির্ধারণকরতঃ ৯০ দিনের উর্দ্ধের বকেয়া কমিয়ে আনা। বিভিন্ন পয়েন্টের ক্যাশ কালেকশন মনিটরিং করা। বিল প্রদান সহজীকরনের লক্ষ্যে কালেকশন পয়েন্ট বৃদ্ধিকরন, সরকার এবং অন্য সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক ডিজিটালাইজেশনের আওতায় প্রণয়নকৃত বিভিন্ন সুযোগ সুবিধা কাজে লাগিয়ে গ্রাহকের জন্য বিল পরিশোধের উপায়সমূহকে আরও সময় সাশ্রয়ী করা ও সহজ করে তোলা। সভা সেমিনারের মাধ্যমে গ্রাহককে ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধে উৎসাহিত করা তথা প্রশিক্ষিত করে তোলা। অবলোপনকৃত অর্থ আদায়ে সচেষ্ট থাকা তথা পুনরুদ্ধার করা।
- ১৩। দক্ষ জনশক্তি গড়ে তোলার নিমিত্তে প্রয়োজনীয় প্রশিক্ষন আয়োজন করা।
- ১৪। নিরবচ্ছিন্ন সাশ্রয়ী গুণগত মানের বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরনের নিমিত্তে যথাযথ পরিচালন ও রক্ষনাবেক্ষন ব্যবস্থাপনা নিশ্চিতকরনের মাধ্যমে সিস্টেম এভাররেজ ইন্টারাপশন ডিউরেশন ইনডেক্স এবং সিস্টেম এভাররেজ ইন্টারাপশন ফ্রিকুয়েন্সি ইনডেক্স কমিয়ে আনা। গ্রাহকের যেকোন অভিযোগ গুরুত্ব ও সময়ের অগ্রাধিকার ভিত্তিতে যথাযথভাবে নিরসন করার ব্যবস্থা গ্রহণ করা।
- ১৫। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগণকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরন।
- ১৬। বিআরইবি প্রণীত আপডেটেড সফটওয়্যারের মাধ্যমে ইআরসি সব সময় হালনাগাদ রাখা যেন গ্রাহকের লোড তথ্য, ট্রান্সফরমার এর অবস্থা সহজে পর্যালোচনা করে সহজে যেকোন ধরনের সিদ্ধান্ত তথা নতুন সংযোগের জন্য করনীয়, আন্ডারলোডেড/ওভারলোডেড ট্রান্সফরমার সনাক্তকরে ব্যবস্থা গ্রহণ, অতিরিক্ত লোডে বিদ্যুৎ ব্যবহারকারী গ্রাহক সনাক্তকরনের মাধ্যমে ব্যবস্থা গ্রহন করা যায়।
- ১৭। সময়মত বিভিন্ন তথ্য ও প্রতিবেদন প্রেরণ।
- ১৮। প্রদেয় হিসাবসমূহের যথাযথ সিডিউল প্রস্তুতকরতঃ সমিতির বাস্তব প্রেক্ষাপট ও গুরুত্বের ভিত্তিতে প্রদেয় হিসাবে পরিশোধ্য অর্থ পরিশোধ করা।
- ১৯। সকল ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরনের মাধ্যমে সুষ্ঠু কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা।
- ২০। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।
- ২১। ডিজিটালাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিত করা।

১৫/১১

১৫/১১

১৫/১১

২১



## সেকশন-২

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ  
সিরাজগঞ্জ পবিস-১

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18)					প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯	প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০
						২০১৫-১৬	২০১৬-১৭* ডিসেম্বর ১৬ পর্যন্ত	অসাধারণ	অতিউত্তম	উত্তম	চলতিমান	চলতিমানের নিম্নে		
						৯	৮	৯	১০	১১	১২	১৩		
সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ (মোট নম্বর-৮০)														
			1. System Loss (Grid Meter) [ % ] (w/o resale)	%	২৮	১০.৩১%	৯.১৫%	৯.২৫%						
			2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale)	Month	১৪	১.১৩	১.২	১.০৫						
			3. Collection Bill(CB) Ratio (%) (without GOB rebate & resale)	%	১	৯৭.৮২%	৯৬.৮১%	৯৯.০০%						
			4. Collection Import (CI) Ratio (%) (w/o rebate & resale)	%	১	৮৭.৭৩%	৮৭.৯৫%	৮৯.৮৪%						
			5. Recovery of amounts written-off	%	১	৫.৪৯%	০.৬০%	৫.০০%						
			6. Payment of debt service liability (Tk' 000)	Tk	৭	১৮,৩৫৬	-	৬০,০০০						
			7. O & M EXP. (EX. PC, Depre. int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o resale)	Tk	২	১.১	১.০৬	১.২০						
			8. Rev. / KM of Line w/o resale (TK)' 000	Tk	১	৩৫১	১৮৪	৩৭৫						
			9. Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM)	%	১	২৮.৮১%	৯.৩২%	২৫.০০%						
			10. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.)	%	১	৭.৫৮%	২.১৯%	৪.০০%						
			11. Percentage of Damaged Transformer repaired	%	১	১০৩%	১০০%	১০০%						
			12. Ratio of connected consumer (over 90 days) against service in place - (Except irrigation)	%	২	১.৩৮%	৪.৫১%	৩.০০%						
			13. Store Management Performance:											
			a. Physical Inventory of all Stores under PBS (2016-17)	%	১	১০০%	১০০%	১০০%						
			b. Timely Closeout of Mini & Force Work Order	%	১	৮৩%	৯৩%	৮০%						
			14. Maintenance and Up-gradation of equipment record card (ERC)	%	২	১০০%	১০০%	১০০%						
			15. Improvement of Power Factor		১	০.৯৪	০.৯৬	০.৯২						
			16. Action on Meter Report	%	১	১০০%	১৭	১০০%						
			17. Average Training hour per Employee (Hours)	Hour	২	১০৪	৪৫	৭৫						
			18. Implementation of Annual Development Program (Issuance of Staking Sheet)	%	১	১০৩%	১৩২%	১০০%						

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ধারিত ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18)					প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯	প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০
						২০১৫-১৬	২০১৬-১৭*	অসাধারণ	অতিউত্তম	উত্তম	চলতিমান	চলতিমানের নিম্নে		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ (সোর্ট নম্বর-৮০)														
			19. Timeliness to attend Consumer's complain	%	১	১০০%	১০০%	১০০%	১০০%	১০০%				
			20. System Average Interruption Duration Index (SAIDI)	Minute	২	১৩৯	৯০	১৫০০						
			21. System Average Interruption Frequency Index (SAIFI)	Times	২	১.১৭	১	৭৮						
			22.% of overloaded Transformer	%	২	১০২%	৫%	২.০০%						
			23.% of New Connected Consumers	%	৩	৭৬%	৯৬%	১০০%						
			24.Accounts Payable	Month	১		১.০০	১.০০						



*[Handwritten signature]*

*[Handwritten signature]*

২৫

কলাম-১		কলাম-২		কলাম-৩		কলাম-৪		কলাম-৫		কলাম-৬														
মার্চ পর্যন্ত কার্যক্রমের আর্থিক বৈশিষ্ট্য উদ্দেশ্যসমূহ (স্ট্র্যাটজিক-১)		বৈশিষ্ট্য উদ্দেশ্যের মান (Weight of strategic objective)		কার্যক্রম (Activities)		কর্মসম্পাদন সূচক (Performance Indicators)		একক (Unit)		কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)		অসাধারণ (Excellent)		অতিউত্তম (Very Good)		উত্তম (Good)		সমৃদ্ধ (Fair)		সমৃদ্ধিমন্দের নিম্ন (Poor)				
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন	৪	২০১৭-১৮ অর্থ বছরের ঋণগ্রহণ কার্যক্রমসম্পাদন চুক্তি দাখিল	২০১৭-১৮ অর্থ বছরের ঋণগ্রহণ কার্যক্রমসম্পাদন চুক্তি দাখিল	নির্ধারিত সময়ের মধ্যে ঋণগ্রহণ চুক্তি মঞ্জুর/বিতরণ দাখিলকৃত	তারিখ	১	১৭ এপ্রিল	১৯ এপ্রিল	২০ এপ্রিল	২১ এপ্রিল	২২ এপ্রিল	২৩ এপ্রিল	২৪ এপ্রিল	২৫ এপ্রিল	২৬ এপ্রিল	২৭ এপ্রিল	২৮ এপ্রিল	২৯ এপ্রিল	৩০ এপ্রিল	৩১ এপ্রিল	৩২ এপ্রিল	৩৩ এপ্রিল		
		২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আর্থিক মূল্যায়ন পরিবীক্ষণ	২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আর্থিক মূল্যায়ন পরিবীক্ষণ	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪																	
		২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আর্থিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আর্থিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে আর্থিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৭ জানুয়ারী	১৬ জানুয়ারী	১৫ জানুয়ারী	১৪ জানুয়ারী	১৩ জানুয়ারী	১২ জানুয়ারী	১১ জানুয়ারী	১০ জানুয়ারী	৯ জানুয়ারী	৮ জানুয়ারী	৭ জানুয়ারী	৬ জানুয়ারী	৫ জানুয়ারী	৪ জানুয়ারী	৩ জানুয়ারী	২ জানুয়ারী	১ জানুয়ারী	৩১ জানুয়ারী
		২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৩ জুলাই	১২ জুলাই	১১ জুলাই	১০ জুলাই	৯ জুলাই	৮ জুলাই	৭ জুলাই	৬ জুলাই	৫ জুলাই	৪ জুলাই	৩ জুলাই	২ জুলাই	১ জুলাই	৩১ জুলাই	৩০ জুলাই	২৯ জুলাই	২৮ জুলাই	২৭ জুলাই
		মার্চ পর্যন্ত কার্যক্রমসমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকরন	মার্চ পর্যন্ত কার্যক্রমসমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকরন	অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩০ ডিসেম্বর	২৯ ডিসেম্বর	২৮ ডিসেম্বর	২৭ ডিসেম্বর	২৬ ডিসেম্বর	২৫ ডিসেম্বর	২৪ ডিসেম্বর	২৩ ডিসেম্বর	২২ ডিসেম্বর	২১ ডিসেম্বর	২০ ডিসেম্বর	১৯ ডিসেম্বর	১৮ ডিসেম্বর	১৭ ডিসেম্বর	১৬ ডিসেম্বর	১৫ ডিসেম্বর	১৪ ডিসেম্বর
		দপ্তর/সংস্থার কমপক্ষে একটি সেবাগ্রহীতা সহজীকৃত	দপ্তর/সংস্থার কমপক্ষে একটি সেবাগ্রহীতা সহজীকৃত	সেবাগ্রহীতা সহজীকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩০ ডিসেম্বর	২৯ ডিসেম্বর	২৮ ডিসেম্বর	২৭ ডিসেম্বর	২৬ ডিসেম্বর	২৫ ডিসেম্বর	২৪ ডিসেম্বর	২৩ ডিসেম্বর	২২ ডিসেম্বর	২১ ডিসেম্বর	২০ ডিসেম্বর	১৯ ডিসেম্বর	১৮ ডিসেম্বর	১৭ ডিসেম্বর	১৬ ডিসেম্বর	১৫ ডিসেম্বর	১৪ ডিসেম্বর
		উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন	উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন	উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত	তারিখ	১	৪ জানুয়ারী	৩ জানুয়ারী	২ জানুয়ারী	১ জানুয়ারী	৩১ ডিসেম্বর	৩০ ডিসেম্বর	২৯ ডিসেম্বর	২৮ ডিসেম্বর	২৭ ডিসেম্বর	২৬ ডিসেম্বর	২৫ ডিসেম্বর	২৪ ডিসেম্বর	২৩ ডিসেম্বর	২২ ডিসেম্বর	২১ ডিসেম্বর	২০ ডিসেম্বর	১৯ ডিসেম্বর	১৮ ডিসেম্বর
		পিআরএল প্রকল্প ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মসূচীর পিআরএল ও ছুটি মন্যায়ন ও সুশাসন জারি নিশ্চিতকরন	পিআরএল প্রকল্প ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মসূচীর পিআরএল ও ছুটি মন্যায়ন ও সুশাসন জারি নিশ্চিতকরন	সংশ্লিষ্ট কর্মসূচীর পিআরএল ও ছুটি মন্যায়ন ও সুশাসন জারিকৃত	%	১	২৫																	
কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন	৯	সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান	সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান	প্রকাশিত সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত	%	১	১০০	৯০	৮০	৭০	৬০	৫০	৪০	৩০	২০	১০	০	০	০	০	০	০		
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নিষ্পত্তিকৃত অভিযোগ	%	১	৯০	৮০	৭০	৬০	৫০	৪০	৩০	২০	১০	০	০	০	০	০	০	০		
		সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য ট্রাফেটসহ অপেক্ষাকার (Waiting Room) এর ব্যবস্থা করা	সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য ট্রাফেটসহ অপেক্ষাকার (Waiting Room) এর ব্যবস্থা করা	নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য ট্রাফেটসহ অপেক্ষাকার চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩০ জানুয়ারী	২৯ জানুয়ারী	২৮ জানুয়ারী	২৭ জানুয়ারী	২৬ জানুয়ারী	২৫ জানুয়ারী	২৪ জানুয়ারী	২৩ জানুয়ারী	২২ জানুয়ারী	২১ জানুয়ারী	২০ জানুয়ারী	১৯ জানুয়ারী	১৮ জানুয়ারী	১৭ জানুয়ারী	১৬ জানুয়ারী	১৫ জানুয়ারী	
		সেবার মান সম্পর্কে সেবাহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	সেবার মান সম্পর্কে সেবাহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	সেবাহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩০ জানুয়ারী	২৯ জানুয়ারী	২৮ জানুয়ারী	২৭ জানুয়ারী	২৬ জানুয়ারী	২৫ জানুয়ারী	২৪ জানুয়ারী	২৩ জানুয়ারী	২২ জানুয়ারী	২১ জানুয়ারী	২০ জানুয়ারী	১৯ জানুয়ারী	১৮ জানুয়ারী	১৭ জানুয়ারী	১৬ জানুয়ারী	১৫ জানুয়ারী	

০০০০

*(Handwritten signature)*



মঠ পরিচালক কার্যালয়ের আর্থনিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (শেট নম্বর-১০)									
কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪	কলাম-৫	কলাম-৬				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	অসাধারণ (Excellent)	অতিউত্তম (Very Good)	উত্তম (Good)	সমভিমান (Fair)	সমভিমানের নিম্নে (Poor)
				কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সক্রিয় প্রদর্শনের মাধ্যমে বিভিন্ন বিষয়ে কর্মকর্তা কর্মচারীদের ও জন প্রদর্শনের আয়োজন			প্রদর্শনের সময়	জনসংখ্যা	৬০	৫৫	৫০	৪৫	৪০
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৪	জাতীয় শূন্যতার কৌশল বাস্তবায়ন	২০১৭-১৮ অর্থবছরের শূন্যতার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কার্যক্রম প্রণীত ও দাখিলকৃত	তারিখ	১৬ জুলাই	৩১ জুলাই			
তথ্য অধিকার বাস্তবায়ন জোরপারকরণ	১	তথ্য বাস্তবায়ন হালনাগাদকৃত	নির্ধারিত সময়সীমার মধ্যে তৈমসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	৪	৩			
		স্বয়ংক্রিয় তথ্য প্রকাশিত	তথ্য বাস্তবায়ন হালনাগাদকৃত	%	৮০	৭০	৬০		
		অতি উৎসাহিত তথ্য প্রকাশিত	স্বয়ংক্রিয় তথ্য প্রকাশিত	%	১০০	৯০	৮৫	৮০	৭৫
আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন	২	অতি উৎসাহিত তথ্য প্রকাশিত	অতি উৎসাহিত তথ্য প্রকাশিত	%	৫০	৪৫	৪০	৩৫	৩০

২৫


আমি, সভাপতি, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর সচিব এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সভাপতি এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষর:

স্বাক্ষরিতঃ

তারিখঃ ১৫/০৬/২০১৭ খ্রিঃ




জেনারেল ম্যানেজার

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

(মোঃ মুন্সেফের রহমান)

জেনারেল ম্যানেজার (তারপ্রাণ)  
সিরাজগঞ্জ পবিস-১



সভাপতি

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১


সৈয়দ মোস্তফা কামাল  
সভাপতি, সমিতি বোর্ড  
সিরাজগঞ্জ পবিস-১



পরিচালক, পবিস ব্যবস্থাপনা ও পরিচালন পরিদপ্তর

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

মুহাম্মদ মতিউর রহমান  
পরিচালক (০৪ দাঃ)  
পবিস ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর



সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

(হাসিনা বেগম)  
সচিব (৩ঃ দাঃ), বাপবিবোর্ড